# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সিজদার সময় দুই হাত রাখার পূর্বে দুই হাঁটু রাখা।

## باب مَا جَاءَ فِي وَضْعِ الرُّكْبَتَيْنِ قَبْلَ الْيَدَيْنِ فِي السُّجُودِ

আরবী

حَدَّثَنَا سَلَمَةُ بْنُ شَبِيبٍ، وَأَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ، وَالْحَسَنُ بْنُ عَلِيٍّ الْحُلْوَانِيُّ، وَعَبْدُ اللَّهِ بْنُ مُنِيرٍ، وَغَيْرُ، وَاحِدٍ، قَالُوا حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا شَرِيكٌ، عَنْ عَاصِمِ بْنِ كُلَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا سَجَدَ يَضَعُ رُكْبَتَيْهِ قَبْلَ يَدَيْهِ وَإِذَا نَهَضَ رَفَعَ يَدَيْهِ قَبْلَ رُكْبَتَيْهِ . قَالَ زَادَ الْحَسَنُ بْنُ عَلِيٍّ فِي حَدِيثِهِ قَالَ يَزِيدُ بْنُ هَارُونَ وَلَمْ يَرْوِ شَرِيكٌ عَنْ عَاصِمِ بْنِ كُلَيْبٍ إِلاَّ هَذَا الْحَدِيثَ .
قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُ أَحَدًا رَوَاهُ مِثْلَ هَذَا عَنْ شَرِيكٍ .
وَالْعَمَلُ عَلَيْهِ عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ يَرَوْنَ أَنْ يَضَعَ الرَّجُلُ رُكْبَتَيْهِ قَبْلَ يَدَيْهِ وَإِذَا نَهَضَ رَفَعَ يَدَيْهِ قَبْلَ رُكْبَتَيْهِ . وَرَوَى هَمَّامٌ عَنْ عَاصِمٍ هَذَا مُرْسَلاً وَلَمْ يَذْكُرْ فِيهِ وَائِلَ بْنَ حُجْرٍ .

বাংলা

২৬৮. সালামা ইবনু শাবীব, আবদুল্লাহ ইবনু মুনীর, আহমদ ইবনু ইবরাহীম আদ দাওরাকী, হাসান ইবনু আলী আল হুলওয়ানী এবং আরো একধিক রাবী (রহঃ) ..... ওয়াইল ইবনু হুজর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন আমি রাসূল কে দেখেছি, তিনি যখন সিজদা করছিলেন তখন দুই হাত রাখার আগে দুই হাটু রাখছিলেন। আর যখন সিজদা থেকে উঠছিলেন তখন দুই হাটুর আগে দুই হাত তুলছিলেন। - ইবনু মাজাহ ৮৮২, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬৮ [আল মাদানী প্রকাশনী]

হাসান ইবনু আলী (রহঃ) তাঁর রিওয়ায়াতে আরো উল্লেখ করেন যে, রাবী ইয়যীদ ইবনু হারুন বলেন আসিম ইবনু কুলায়ব থেকে শরীক (রহঃ) এই হাদিসটি ছাড়া আর কোন হাদিস বর্ণনা করেননি।

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই হাদিসটি গরীব ও হাসান। শরীফ (রহঃ) ছাড়া আর কেউ এই হাদিসটি রিওয়ায়াত করেছেন বলে আমদের জানা নেই। অধিকাংশ আলিম এই হাদিস অনুসারে আমল গ্রহণ করেছেন যে, সিজদায় যাওয়ার সময় হাতের আগে দুই হাটু রাখবে আর উঠার সময় হাটুর পূর্বে দুইহাত উঠাবে।

আসিমের সূত্রে হাম্মাম (রহঃ) এই হাদিসটি মুরসালরুপে রিওয়ায়াত করেছেন। এতে ওয়াইল ইবনু হুজর রাদিয়াল্লাহু আনহু এর উল্লেখ করেননি।

## English

Wa'il bin Hujr narrated:
"I saw Allah's Messenger when he prostrated placing his knees (on the ground) before his hands, and when he got up, he raised his hands before his knees."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17457

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন